দৈনিক আমাদের সময়

তারিখ 11 NOV 2017
পৃষ্ঠা ২ কলাম ২

# বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ●

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) অধীন রেসিডেন্সি প্রোগ্রাম 'ফেজ-এ'-এর মার্চ-২০১৮ সেশনের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত রাজধানীর বুয়েট ক্যাম্পাসে ও ইডেন মহিলা কলেজে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বিএসএমএমইউর জনসংযোগ কর্মকর্তা প্রশান্ত কুমার মজুমদার জানান, এক হাজার ৯৯টি আসনের বিপরীতে আট হাজার ১৬২ পরীক্ষার্থী অংশগ্রহণ করে।